রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৮, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৭—৪৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯১—১০৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১—২১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৩—১৩৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ নভেম্বর ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৫.১৫-৬২৪**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির বিধি ২৫ অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ নাসির উদ্দীন, সাবেক মহাপরিচালক এর স্থলে বাংলাদেশ ডাক বিভাগের প্রতিনিধি হিসেবে জনাব প্রবাস চন্দ্র সাহা, মহাপরিচালক (চলতি দায়িত্ব)-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ**
**ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৮ নভেম্বর ২০১৫

**নং অম/অবি/ব্যনি-২/বৈঃমঃআইন-১/২০০৪/৭০**—১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা আইন (১৯৪৭ সালের ৭নং আইন ১৯৮৬ সালের ৩০শে জুন পর্যন্ত সংশোধিত)-এর ১৯ ধারার (২) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ প্রদান করলেন যে, উক্ত উপ-ধারার অধীনে আদেশ জারির ক্ষমতা ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োগ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাবীন বানু**
উপ-সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র অধিশাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ কার্তিক ১৪২২/০৩ নভেম্বর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১২(অংশ-২)/৬৭০—"রানা প্লাজা"** নামক চলচ্চিত্রের বিষয়ে সেন্সর আপিল কমিটির নিকট আপিল আবেদন হওয়ায় উক্ত আপিল আবেদন নিস্পত্তি না হওয়া পর্যন্ত তথ্য মন্ত্রণালয়ের ১৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ১৫.০০. ০০০০.০২৭.২৭.০০১.১২(অংশ-২)/৬০৪ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে **"রানা প্লাজা"** নামক চলচ্চিত্রটির প্রদর্শন সমগ্র বাংলাদেশে স্থগিত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৪ কার্তিক ১৪২২/০৮ নভেম্বর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০৩০.১৪/৬৮৭**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০১৫-২০১৬ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে নিম্নোক্তভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** পুনর্গঠন করা হলো:

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) বেগম নিলুফার জাফর উল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ৩২৫ মহিলা আসন-২৫

(৩) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা

(৫) জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব

(৬) বেগম সুবর্ণা মুস্তফা, চলচ্চিত্র অভিনেত্রী

(৭) মিজ সামিয়া জামান, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা

(৮) বেগম শামীম আক্তার, চলচ্চিত্র নির্মাতা

**সদস্য-সচিব**

(৯) অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**২। কমিটির কার্যপরিধি:**

(ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ পর্যালোচনা করবে;

(খ) সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নিয়মাবলী-২০১২'** এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপ-সচিব।

**[একই নম্বর তারিখের স্থলাভিষিক্তক্রমে]**
**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**সংস্থা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ সেপ্টেম্বর ২০১৫

**নং ১৬.০০.০০০০.০০৪.০৩.৪৯.১৩-৪১৪**—১৯৮৩ সালের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ (অধ্যাদেশ নং-৬৮)-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টি পুনর্গঠন করলেন :

(ক) মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় — চেয়ারম্যান।

(খ) বিচারপতি গৌর গোপাল সাহা — ভাইস-চেয়ারম্যান সাবেক-চেয়ারম্যান প্রশাসনিক আপীল ট্রাইবুনাল।

(গ) ট্রাস্টি

১. জনাব গনেশ চন্দ্র ঘোষ, পাবনা।
২. জনাব মানিকলাল সমাদ্দার, সাবেক সচিব, বাড়ী-৭, ব্লক-জে, রোড-২৭, বনানী, ঢাকা।
৩. জনাব এস-সি খান, অধ্যাপক, সাবেক যুগ্ম-সচিব।
৪. জনাব নিরঞ্জন অধিকারী, অধ্যাপক, সংস্কৃতি ও পালি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. ডঃ প্রতিমা পাল মজুমদার, সমাজকর্মী ও রিসার্স ফেলো।
৬. জনাব সুরজিৎ নারায়ন ত্রিপুরা, সভাপতি, ISKCON, খাগড়াছড়ি।
৭. বেগম আশালতা বৈদ্য, গোপালগঞ্জ।
৮. জনাব তপন কুমার সেন, রাজশাহী।
৯. এডভোকেট নিভা রাণী বিশ্বাস, মুন্সীগঞ্জ।
১০. জনাব স্বপন কুমার রায়, পাবনা-সিরাজগঞ্জ।
১১. জনাব জিতেন্দ্র প্রসাদ নাথ (মন্টু), চট্টগ্রাম।
১২. জনাব শ্রী চন্দন রায়, সিলেট (সিলেট বিভাগ)।
১৩. অধ্যাপক নিমাই চন্দ্র রায়, খুলনা।
১৪. জনাব উজ্জ্বল প্রসাদ কানু, বগুড়া।
১৫. জনাব সুভাষ চন্দ্র শাহা, টাংগাইল।
১৬. এডভোকেট রথীশ চন্দ্র ভৌমিক (বাবু সোনা), রংপুর।
১৭. জনাব নির্মল পাল, কুমিল্লা।
১৮. জনাব বিপুল বিহারী হালদার, পিরোজপুর।
১৯. জনাব রাখাল দাসগুপ্ত, চট্টগ্রাম।

২। বোর্ড অব ট্রাস্টির মেয়াদকাল ১৩-০৬-২০১৩ তারিখ হতে ৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহছান কবীর**
সহকারী সচিব (সংস্থা)।

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ভাদ্র ১৪২২/০৭ সেপ্টেম্বর ২০১৫

**নং ২১.০০.০০০০.০৫৪.০১৪.০১২.২০১৫-৩৩৫**—প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত খসড়া পরিপত্র/নীতিমালা প্রণয়ন করার নিমিত্ত নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে নির্দেশক্রমে একটি কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

(১) প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন

(৩) বিভাগ প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

(৪) বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন

(৫) বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

(৬) বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

(৭) বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

(৮) যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

(৯) মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব

**সদস্য-সচিব**

(১০) পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি

**২। কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত বিভিন্ন নীতিমালা/নির্দেশাবলী পর্যালোচনা-পূর্বক সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে একটি খসড়া পরিপত্র/নীতিমালা প্রণয়ন করবে;

(২) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফিরোজ আল মামুন**
উপপরিচালক।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**রক্ষণাবেক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ কার্তিক ১৪২২/২৬ অক্টোবর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০১৫.২২.০৭৬.১৩-৯২৩**—সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন' ২০১৩ অনুযায়ী সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড এর পরিচালনা পরিষদ নিম্নোক্তভাবে গঠন করা হল:

**চেয়ারম্যান**

(১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) সচিব, সেতু বিভাগ

(৩) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

(৪) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

(৫) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

(৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

(৭) প্রফেসর ডঃ মোঃ মাজহারুল হক, পুরকৌশল বিভাগ ও ডীন, পুরকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

(৮) মিজ্ আরফিন আরা বেগম, যুগ্ম-সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ

(৯) বাজেট অনুবিভাগ প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(১০) বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

(১১) জনাব খন্দকার এনায়েত উল্যাহ্, মহাসচিব, সড়ক পরিবহন মালিক সমিতি

**সদস্য-সচিব**

(১০) পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর ও প্রধান নির্বাহী কর্মকর্তা

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপ-সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ আশ্বিন ১৪২২/৫ অক্টোবর ২০১৫

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৭১.১৩-৫২৮**—যেহেতু, জনাব মোঃ এরশাদ আলী মন্ডল, প্রভাষক (ইংরেজি), সৈয়দপুর সরকারি কারিগরি মহাবিদ্যালয়, নীলফামারী এর বিরুদ্ধে তাঁর স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত-২০০৩) এর অধীনে সি/আর/১৪৬/১৩ নং মামলা দায়ের করা হয় এবং উক্ত মামলায় তিনি ০১-১০-২০১৩ তারিখ হতে ০৯-১০-২০১৩ তারিখ পর্যন্ত হাজতবাস করায় তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, বিজ্ঞ জেলা জজ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নীলফামারী অভিযুক্ত কর্মকর্তার স্ত্রী কর্তৃক দায়েরকৃত মামলা হতে ০১-০৩-২০১৫ তারিখে তাঁকে খালাস প্রদান করে এবং পারিবারিক জজ আদালতের ৩৯/১৩ নং মোকদ্দমার বাদীপক্ষ মামলা প্রত্যাহারের প্রার্থনা করার পর বিজ্ঞ আদালত ২১-০৮-২০১৪ তারিখের আদেশে মামলাটি প্রত্যাহারের অনুমতি প্রদান করে এবং সি আর মোকদ্দমা নং ১৪৬/১৩ (সৈয়দপুর) এ বাদীপক্ষ মামলা চালাতে আগ্রহী নয় মর্মে আবেদন করায় বিজ্ঞ আদালত ২২-১২-২০১৩ তারিখের আদেশে আপোষসূত্রে মামলাটি প্রত্যাহারের নির্দেশ প্রদান করে;

সেহেতু, বিজ্ঞ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ এরশাদ আলী মন্ডল, প্রভাষক (ইংরেজি), সৈয়দপুর সরকারি কারিগরি মহাবিদ্যালয়, নীলফামারী এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে ভূতাপেক্ষভাবে চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হ'ল।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম খান**
সচিব।

---

**অধিশাখা ঃ ২২ (উন্নয়ন-৩)**

**আদেশ**

তারিখ, ০৫ কার্তিক ১৪২২/২০ অক্টোবর ২০১৫

**নং ৩৭.০৭.০০০০.০৮৩.৯৯.০২০.১৫-৫৪৫**—আর্দিষ্ট হয়ে জানাচ্ছি যে, নিম্নোক্ত শর্তে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর পদ জাতীয় বেতন স্কেলের গ্রেড-৩ হতে গ্রেড-২ এ উন্নিতকরণসহ প্রধান প্রকৌশলীর পদের বেতন স্কেল জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাঃ ৩৩,৫০০-১২০০×৫-৩৯,৫০০ (গ্রেড-২) এ নির্ধারণ করা হলো:

(ক) বর্তমান কর্মস্থল, কাজের ধরন ও প্রকৃতির কোন পরিবর্তন করা যাবে না;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান নিয়োগ বিধিমালার প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে;

(গ) প্রধান প্রকৌশলী পদে পদোন্নতির ক্ষেত্রে সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ী অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে ০৩(তিন) বছরের চাকুরিসহ প্রথম শ্রেণীর পদে ১৮(আঠার) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;

(ঘ) প্রধান প্রকৌশলী পদটি প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ী পূরণযোগ্য এবং এটি অনুমোদিত নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় ১৪ মে ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০০১.১৩-১২৭ এবং অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ ১৬ জুন ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৮.২০১৩-১৩০ ও বাস্তবায়ন অনুবিভাগ ১২ জুলাই ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৮.২০১৩-১৩০ সংখ্যক পত্রত্রয়ের মাধ্যমে প্রধান প্রকৌশলীর পদ ও পদের বেতনক্রম উন্নীতকরণে সম্মতি জ্ঞাপন করেছে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শামসুল আলম**
সহকারী সচিব (উন্নয়ন-৩)।

---

**শিল্প মন্ত্রণালয়**
**বিরাষ্ট্রীকরণ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ অক্টোবর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৫৬.১৮.০৫৯.১৫.৩৩**—শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ইস্পাত প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান চট্টগ্রাম ড্রাইডক লিমিটেড (সিডিডিএল)-কে বাংলাদেশ নৌ-বাহিনীর নিকট হস্তান্তরের লক্ষ্যে ২৭-০৮-২০১৫ তারিখে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির সকল সদস্যের মনোনয়ন পাওয়ায় উক্ত কমিটির পূর্ণাঙ্গ রূপরেখা ঘোষণা করা হলো। কমিটির কার্যপরিধি ও শর্তাবলী পূর্বের ন্যায় বলবৎ থাকবে এবং নিম্নে পুনঃউল্লেখ করা হলো।

১। অতি:সচিব (বিরা), শিল্প মন্ত্রণালয় জনাব মোঃ এনামুল হক -সভাপতি

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব এস, এম আবুল কালাম আজাদ, যুগ্মসচিব -সদস্য

৩। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি বেগম মাহবুবা ফারজানা, উপসচিব -সদস্য

৪। নৌ-বাহিনীর প্রতিনিধি -সদস্য

(ক) কমডোর এম মঈনুল হক, (ই), এনপিপি, এনএসডব্লিউসি, পিএসসি, বিএন

(খ) ক্যাপ্টেন আনিছুর রহমান মোল্লা, (এল), পিএসসি, বিএন

(গ) কমান্ডার এম আশরাফ উদ্দিন, (সি), পিএসসি, বিএন

(ঘ) লেঃ কমান্ডার জি এম সরোয়ার সুমন, (এস,) বিএন

৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম এর প্রতিনিধি জনাব মোঃ শাহরিয়াজ, অতিরিক্ত জেলা প্রশাসক (এলএ), -সদস্য

৬। বিএসইসি'র প্রতিনিধি

(ক) জনাব মো: তাজুল ইসলাম, প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএসইসি, ঢাকা -সদস্য সচিব

(খ) জনাব এম, এ, আকবর হোসেন, হিসাব নিয়ন্ত্রক, বিএসইসি, ঢাকা। -সদস্য

৭। সিডিডিএল, চট্টগ্রাম এর প্রতিনিধি জনাব মো: সাইদুর রহমান (প্রাক্তন এম.ডি) -সদস্য

৮। জয়েন্ট স্টক কোম্পানীর প্রতিনিধি জনাব পরিমলেন্দু ভট্টাচার্য্য, উপ-নিবন্ধক (চ:দা:) -সদস্য

**কমিটির কার্য-পরিধি ও অন্যান্য শর্তাবলীঃ**

(ক) উক্ত কমিটি Work Plan অনুযায়ী হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন করবে।

(খ) উক্ত কমিটি চট্টগ্রাম ড্রাইডক লি: (সিডিডিএল) এর স্থায়ী সম্পদ যেমন-জমি, দালান, কোঠা, প্ল্যান্ট ও মেশিনারী, আসবাবপত্র, যানবাহন ইত্যাদি (বর্তমান অবস্থা ও ঠিকানাসহ) এবং চলতি সম্পদ যেমন-স্টক ও স্টোর্স, খুচরা যন্ত্রাংশ, স্টক ইন প্রসেস, ফিনিশড গুডস এবং খাতক অগ্রিম, পূর্বে পরিশোধিত ও অন্যান্য চলতি সম্পদ ইত্যাদি এবং এর বিপরীতে কোন প্রকার ঋণ গ্রহণ করা হয়ে থাকলে তার উল্লেখ্য করে পরিপূর্ণ বাস্তব প্রতিবেদন প্রস্তুত করবে; (কোম্পানীর সম্পদ ও দায়ের মূল্যায়ন প্রতিবেদন)।

(গ) বৈদেশিক ঋণ বা দেশীয় ব্যাংক কর্তৃক ঋণ বা সরকারি কোন ঋণ গ্রহণ করা থাকলে তার পরিমাণ, বিএসইসি'র পাওনার পরিমাণ, বিদ্যুৎ, পানি ও গ্যাস, পৌরকর এবং ভূমি উন্নয়ন কর এর বিল বকেয়া আছে কিনা থাকলে তার পরিমাণ, নির্ধারণ করবে।

(ঘ) হস্তান্তরের পর সিডিডিএল এর নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরীর ভবিষ্যৎ কি অবস্থা হবে তা নৌ-বাহিনী কর্তৃক লিখিতভাবে হস্তান্তরের পূর্বেই অত্র মন্ত্রণালয়কে জানাতে হবে।

(ঙ) হস্তান্তর প্রক্রিয়ায় যে অর্থ ব্যয় হবে তা বিএসইসি কর্তৃক নির্বাহ করা হবে এবং বিএসইসি যদি তাদের নিজস্ব বাজেটে উক্ত ব্যয় সংকুলান করতে না পারে, তবে খরচের একটি বিবরণ এ' মন্ত্রণালয়ে প্রেরণ করবে সেটা অর্থ মন্ত্রণালয় থেকে চাওয়া হবে। এ কাজে যদি কোন সিএ ফার্ম নিয়োগ করতে হয় তবে বিএসইসি'র নিজ খরচে সিএ ফার্ম নিয়োগ করতে পারবে।

(চ) দায়-দেনা ও অডিট আপত্তিসমূহ কোন কর্তৃপক্ষ কর্তৃক নিষ্পত্তি করা হবে এবং কিভাবে, সেটা এ কমিটি নির্ধারণ করবে। প্রয়োজনে নৌ-বাহিনীর, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এবং অর্থ মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করতে হবে।

(ছ) হস্তান্তরের পর সিডিডিএল এর ব্যয় নৌ-বাহিনীর বাজেটে প্রতিফলিত হবে।

(জ) উক্ত কমিটি কাজ করার সময় কমিটির সদস্য এবং সিডিডিএল এর সার্বিক নিরাপত্তা বিধান, নৌ-বাহিনী কর্তৃক করতে হবে।

(ঝ) উক্ত প্রতিষ্ঠানটি যে অবস্থায় আছে সে অবস্থায় হস্তান্তর করা হবে।

(ঞ) হস্তান্তর এর পর এর কোন দায়-দায়িত্ব শিল্প মন্ত্রণালয় বা বিএসইসি বহন করবে না।

(ট) ইনভেনটরি প্রস্তুত করার পর এবং এর দায়-দেনা নির্ধারণ করার পর তা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে; অনুমোদন পাওয়ার পর নৌ-বাহিনীর নিকট হস্তান্তর করা হবে।

(ঠ) কোন জটিলতা সৃষ্টি হলে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত।

(ড) গঠিত কমিটি কর্তৃক সিডিডিএল চূড়ান্ত হস্তান্তর প্রক্রিয়া এবং Modality নির্ধারণ করবে।

(ঢ) উক্ত কমিটি প্রয়োজনে যে কাউকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম মাসুদুর রহমান**
উপ-সচিব।

---

**অধি-বিবিওবয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ অক্টোবর ২০১৫

**নং ৩৬.১১.০০০০.০৬৮.০৬.০০১.৯৪-৮০**—বয়লার আইন, ১৯২৩ (সংশোধিত ১৯৯০) এর ২৭ক(১) ও (২) ধারা মোতাবেক শিল্প মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং শিম/অধি(বিওব)বয়লার/প্রঃ-১/৯৪-১২৬ তারিখঃ ২১-৭-২০০৫ খ্রিঃ এর অনুবৃত্তিক্রমে তিন সদস্য বিশিষ্ট বাংলাদেশ বয়লার বোর্ড, নিম্নবর্ণিতভাবে পুনঃগঠন করা হলো।

**চেয়ারম্যান**

(ক) জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত সচিব (বিরা), শিল্প মন্ত্রণালয়

**সদস্য**

(খ) ড. আবদুর রশিদ সরকার, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

**সদস্য-সচিব**

(গ) জনাব মোহাম্মদ আব্দুল মান্নান, প্রধান বয়লার পরিদর্শক

২। বাংলাদেশ বয়লার বোর্ড, বয়লার আইন, ১৯২৩ এবং বয়লার সংক্রান্ত প্রচলিত বিধি-বিধানের আলোকে কার্যাদি সম্পাদন করবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার রফিকুল ইসলাম**
উপ-সচিব।

---

**জনপ্রশাসন (কর্মচারী সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ নভেম্বর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৪৭.০১২.০০৩.৪১৩**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর এস.আর.ও নং-৩৪ আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৮-১০-২০১৫ তারিখের ৮০.১০২.১২.০০.০০.০০৬.২০১৫.২৯৮ নং স্মারকের সুপারিশ মোতাবেক শিল্প মন্ত্রণালয়ের নিম্নে বর্ণিত ০১ (এক) জন সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর-কে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০ টাকার স্কেলে ব্যক্তিগত কর্মকর্তা (দ্বিতীয় শ্রেণীর গেজেটেড) পদে পদোন্নতি প্রদান করা হলোঃ

মিজ কুমকুম সরকার, পিতাঃ শ্যাম সুন্দর সরকার

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মু. ফজলুর রহমান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ১২ কার্তিক ১৪২২/২৭ অক্টোবর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০২৮.১০(অংশ-৩)-২৫৪**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির

শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৫(পাঁচ) ক্যাটাগরির ৩৪(চৌত্রিশ) টি পদ ০১-০৬-২০১৫ তারিখ হতে ৩১-০৫-২০১৬ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | উপ-সহকারী প্রকৌশলী | ০১(এক) টি | ৮,০০০—১৬,৫৪০ (১০নং স্কেল) |
| (২) | সহকারী পরিদর্শক | ০৫(পাঁচ) টি | ৪,২৫০—৮,১৪০ (১৯নং স্কেল) |
| (৩) | ফিল্ডম্যান | ০৪(চার) টি | ৪,২৫০—৮,১৪০ (১৯নং স্কেল) |
| (৪) | গার্ড | ২১(একুশ) টি | ৪,১০০—৭,৭৪০ (২০নং স্কেল) |
| (৫) | পিয়ন | ০৩(তিন) টি | ৪,১০০—৭,৭৪০ (২০নং স্কেল) |
| মোট ৫(পাঁচ) ক্যাটাগরির | | ৩৪(চৌত্রিশ) টি | |

**শর্তসমূহ:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-৫-২০০৩ তারিখের মপবি/ কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত ৫(পাঁচ) ক্যাটাগরির ৩৪(চৌত্রিশ) টি পদ অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য সুপারিশকৃত চতুর্থ শ্রেণীর পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৬ কার্তিক ১৪২২/০১ নভেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৩-৬৫১**—গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানার মামলা নং-০৬, তারিখ: ০৭-০২-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩} এর ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ পলাশবাড়ী থানাধীন রংপুর-ঢাকা মহাসড়কে ব্রাক অফিসের সামনে মহাসড়কের উপর দেশের জননিরাপত্তা বিপন্ন করার জন্য যানবাহন ভাংচুর ও অগ্নিসংযোগ করার মাধ্যমে আতংক সৃষ্টি ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৩-৬৫২**—গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানার মামলা নং-০৯, তারিখ: ০৯-০১-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ পলাশবাড়ী থানাধীন রংপুর-ঢাকা মহাসড়কে ব্রাক মোড় নামক স্থানে দেশের জননিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য যানবাহন ভাংচুর ও অগ্নিসংযোগ করার মাধ্যমে আতংক সৃষ্টি ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১৯ কার্তিক ১৪২২/০৩ নভেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৪-৬৬৯**—ঢাকার লালবাগ থানার মামলা নং-০৮, তারিখ: ১৬-০৬-২০১৫ মূলে বাদী রুবিন আক্তার (৫০), স্বামী মৃত মাতলুব আহম্মেদ, সাং মানিকপুর, থানা কোম্পানীগঞ্জ, জেলা নোয়াখালী; বর্তমানে ধলপুর বাদতল সর্দারের বাড়ীর পাশের বাসা, থানা যাত্রাবাড়ী, ঢাকা এর দক্ষিণ আফ্রিকার প্রবাসী ছেলে নাফিজ কে অপহরণ করে মুক্তিপণ বাবদ ৭(সাত) লক্ষ টাকা বাংলাদেশের ইস্টার্ণ ব্যাংক লিঃ, আজিমপুর শাখা, একাউন্ট নং ১২১১৩৩০০০৪৩৮৭ এর মাধ্যমে পরিশোধের দাবী করে। উল্লিখিত একাউন্ট হোল্ডার ও দক্ষিণ আফ্রিকায় অবস্থানরত তার সহযোগী দুষ্কৃতিকারী কর্তৃক পরস্পর যোগসাজসে বাদীর নিকট হতে টাকা আদায়ের উদ্দেশ্যে তার ছেলেকে অপহরণ করা হয়েছে। ইহা একটি দেশের বাহিরে সংঘটিত অপরাধ বিধায় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৮৮ এর বিধান অনুযায়ী মামলাটি তদন্তের নিমিত্তে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬৭০**—ডিএমপি, লালবাগ থানার মামলা নং-০৭, তারিখ: ০৬-০৪-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) ৬(২)(উ) ধারায় মামলার আসামীগণ সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনার প্রচেষ্টা, অর্থ সহায়তা প্রদান ও নাশকতা সংঘটনের উদ্দেশ্যে বোমা প্রস্তুত করে নিজ হেফাজতে রাখা ও বিস্ফোরক দ্রব্য ক্রয়-বিক্রয় করার অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬৭১**—ডিএমপি, লালবাগ থানার মামলা নং-১৫, তারিখ: ১৮-০৩-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) ৬(২)(উ) ধারায় মামলার আসামীগণ পরস্পর জ্ঞাতসারে বোমা

প্রস্তুত করে নিজ হেফাজতে রাখা, বোমা প্রস্তুতকরণে সহায়তা প্রদানসহ দেশের অখণ্ডতা ও সার্বভৌমত্ব বিপন্ন করার পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ এবং জনগণের জীবন ও সম্পত্তি বিপন্ন করার ষড়যন্ত্র ও তদনুসারে কাজ করার অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৬৭২**—সিএমপি, চট্টগ্রাম এর পাহাড়তলী থানার মামলা নং-০৭, তারিখ: ০৮-০৩-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ পাহাড়তলী থানাধীন ৩নং রেল লাইনের পশ্চিম পার্শ্বে বঙ্গবন্ধু স্মৃতি সংসদ সংযুক্ত বাবুলের টিনশেড ছাপড়া গুদামের পিছনে হরতাল অবরোধে জনসাধারণের স্বাভাবিক জীবন যাপন বিপন্ন ও চলাচলে বাধা সৃষ্টিসহ পেট্রোল বোমা নিক্ষেপ এবং ককটেল বোমা বিস্ফোরণের মাধ্যমে সন্ত্রাসী কার্যকলাপ সংঘটন এবং সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৬৭৩**—ডিএমপি, ঢাকা এর খিলক্ষেত থানার মামলা নং-১০, তারিখ: ০৮-০৩-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ খিলক্ষেত থানাধীন পল্লী বিদ্যুৎ উন্নয়ন রোড এর পিছনে নিকুঞ্জ-২ এর কবি ফারুক স্মরণী রোডের উপর গাড়ীতে ককটেল ও পেট্রোল বোমা নিক্ষেপ করে অগ্নি-সংযোগ করার মাধ্যমে সন্ত্রাসী কার্যকলাপ করে জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৬৭৬**—সিএমপি, চট্টগ্রাম এর বাকলিয়া থানার মামলা নং-১৮, তারিখ: ১৭-০২-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ বাকলিয়া থানাধীন সৈয়দ শাহ রোড ল্যান্ডমার্ক আবাসিক এলাকার মান্নান টাওয়ারের ৭ম তলার কক্ষে পেট্রোল বোমা এবং ককটেল মজুদ রেখে নাশকতার মাধ্যমে জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে ষড়যন্ত্রসহ সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপ-সচিব।

**রাজনৈতিক অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ নভেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৭৯.১১.০০১.২০১৩(অংশ)-৩৫৫**—দেশে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা সৃষ্টিসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখের স্বম(রাজ-২)/আশৃক-কোক/২-২/২০০৯/৪১৯ নং প্রজ্ঞাপনমূলে গঠিত "জঙ্গিবাদ প্রতিরোধ এবং প্রতিকার" কমিটির সভাপতি হিসেবে 'মাননীয় প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়' এর স্থলে 'মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়' হিসেবে সংশোধন করা হলো।

২। এই কমিটি গঠন সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখের স্বম(রাজ-২)/আশৃক-কোক/২-২/২০০৯/৪১৯ নং প্রজ্ঞাপনে উল্লিখিত অন্যান্য বিষয় ও কর্মপরিধি (TOR) অপরিবর্তিত থাকবে।

৩। এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ কামরুল হাসান খান**
উপ-সচিব।

**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৪ কার্তিক ১৪২২/২৯ অক্টোবর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-৯৮৮**—যেহেতু, আপনি জনাব মোঃ আলী হোসেন ফকির, অধিনায়ক (পুলিশ সুপার), ৩য় এপিবিএন, খুলনা (সাবেক এসি, ডিবি, ডিএমপি ঢাকা, বর্তমানে সাময়িক বরখাস্ত ও রাজশাহী রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে (১) ০৪-০৬-২০০৪ তারিখের সন্ত্রাসী কর্তৃক শাহবাগ এলাকায় একটি দ্বিতল বাসে অগ্নিসংযোগে ১১ জন ব্যক্তির মৃত্যুর ঘটনা তদন্তকালে অধঃস্তন কর্মকর্তার তদন্তকার্যাবলি তদারিক না করা এবং তদন্ত-তদারকি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দাখিল না করা (২) উক্ত মামলার সন্দিগ্ধ আসামি গ্রেফতার করে ভয়ভীতির মাধ্যমে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদানে বাধ্য করা (৩) পুলিশ হেডকোয়ার্টার্স হতে ব্যাখ্যা তলব করা হলে জবাব প্রদান না করে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন, আইভরিকোস্ট গমন করা এবং (৪) বিগত ২২-০৭-২০১১ হতে ০৬-০৯-২০১১ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের ছুটি ভোগের উদ্দেশ্যে জাতিসংঘ মিশনের কর্মস্থল ত্যাগ করে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(সি) এর আওতায় অদক্ষতা, অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত (desertion) থাকার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২৭-০২-১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-১৭০ নং স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী পূর্বক কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, অভিযোগনামার জবাব দাখিলের নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আপনি জবাব দাখিল না করায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা ১৭-০৫-২০১২ তারিখের 'দৈনিক প্রথম আলো' ও ১৮-০৫-১২ তারিখের 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশ করা হয়। তথাপিও অভিযোগ বিবরণী ও অভিযোগনামার জবাব দাখিল না করায় বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ১৬-০৭-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-৫৫২ নং স্মারকমূলে জনাব মোঃ মহসিন হোসেন, ডিআইজি, সিআইডি, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা

আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ০১নং অভিযোগ ব্যতীত ০২, ০৩ ও ০৪ নং অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়েছে উল্লেখ করে ৩১-০১-১৩ তারিখের প্রশাসন/আরও/৫০২ নম্বর স্মারকমূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক বর্তমান পদ হতে ০৩(তিন) বছরের জন্য নিম্নপদে (পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে) নামিয়ে দেয়ার গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, আপনাকে ২৪-০৪-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-৪৫১ নং স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। আপনি ১১-০৭-২০১৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অত্র মন্ত্রণালয়ের ৩১-০৮-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-৭০৯ নং স্মারকমূলে আপনাকে বর্তমান পদ হতে নিম্নপদে অর্থাৎ পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে নামিয়ে দেয়ার বিষয়ে সরকারি কর্ম-কমিশনকে অনুরোধ করা হলে সরকারি কর্ম-কমিশনের ০২-০৮-২০১৫ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০৬.২০১৪-৯৫ নম্বর স্মরকমূলে উপর্যুক্ত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে; এবং

৪। যেহেতু, উক্ত সুপারিশ মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন; এবং

৫। যেহেতু, আপনি জনাব মোঃ আলী হোসেন ফকির, অধিনায়ক(পুলিশ সুপার), ৩য় এপিবিএন, খুলনা (সাবেক এসি, ডিবি, ডিএমপি ঢাকা, বর্তমানে সাময়িক বরখাস্ত ও রাজশাহী রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) বিধি অনুযায়ী ০৩(তিন) বছরের জন্য বর্তমান পদ হতে নিম্নপদে অর্থাৎ পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে নামিয়ে দেওয়ার আদেশ প্রদান করা হলো।

৬। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১১-১২-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২.১২-৯৬২ নম্বর প্রজ্ঞাপনমূলে তার সাময়িক-ভাবে বরখাস্তকরণ সম্পর্কিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৭। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১৩-৯৮৭**—যেহেতু, আপনি জনাব ফাতেমা জোহরা, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (আরসিডি), কেএমপি, খুলনা (বর্তমানে বিনানুমতিতে কানাডায় অবস্থানরত) এর বিরুদ্ধে ১৮-০৬-২০১২ তারিখের স্বম(পুলিশ-১)/ছুটি-১/২০১১/৪৭৩ নং প্রজ্ঞাপন মোতাবেক ২৫-০৬-২০১২ তারিখে স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ৩০(ত্রিশ) দিনের বহিঃবাংলাদেশ ছুটিতে কানাডায় গমন করে ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও দেশে প্রত্যাবর্তন না করে ২৫-০৭-২০১২ তারিখ হতে ০৬(ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরের আবেদন করেন। আপনার উক্ত আবেদনটি বিবেচনা করার কোন সুযোগ নেই মর্মে পুলিশ হেডকোয়ার্টার্সকে অবহিত করা হয়। পরবর্তীতে পুলিশ হেডকোয়ার্টার্স হতে আপনাকে অবিলম্বে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদানের জন্য তাগিদপত্র দেয়া হলেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। একাধিকবার তাগিদ দেয়া সত্ত্বেও স্বামীর সাথে সাক্ষাতের নিমিত্ত মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ ছুটি শেষে দেশে প্রত্যাবর্তন না করে অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-০৩-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১৩-৩৭৮ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে আপনার কৈফিয়ত তলব করা হয়। নিজ কর্মস্থলে যোগদান না করায় অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত (Desertion) থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) আওতায় বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩০-০৩-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১৩-২৩৫ নং স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারীপূর্বক কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার পক্ষে আপনার বোন ফারহানা করিম নিজ স্বাক্ষরমূলে গ্রহণ করেন। অভিযোগনামার জবাব দাখিলের নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও জবাব দাখিল কিংবা ব্যক্তিগত শুনানির আবেদন না করায় বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ২৮-০৭-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১৩-৭৫৩ নম্বর স্মারক মূলে জনাব হাবিবুর রহমান খান, পুলিশ সুপার, পিপিআই, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে আপনাকে সরাকরি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্তকরণের(Dismissal from the service) দণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, আপনাকে ৩০-০৩-১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১৩-২৩৫ নম্বর স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ে জবাব দাখিল না করায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি ২৮-০২-২০১৫ তারিখের "দৈনিক যুগান্তর" ও ০২-০৩-২০১৫ তারিখের "দৈনিক প্রথম আলো" পত্রিকায় প্রকাশ করা হয়। কিন্তু আপনি কোন জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্তকরণের (Dismissal from the service) দণ্ড প্রদানের বিষয়ে সরকারি কর্ম-কমিশনকে অনুরোধ করা হলে সরকারি কর্ম-কমিশন উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করে; এবং

৪। যেহেতু, উক্ত সুপারিশ মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন; এবং

৫। সেহেতু, আপনি জনাব ফাতেমা জোহরা, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (আরসিডি), কেএমপি, খুলনা (বর্তমানে বিনানুমতিতে কানাডায় অবস্থানরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত (Desertion) থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) এর অধীনে দোষী সাব্যস্ত করে আপনাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from the service) করা হলো।

৬। জনস্বার্থে জারীকৃত এই আদেশ ২৫-০৭-২০১২ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৯ নভেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-৪৫/৮১-৬৪৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (মোঃ তানভীর হুসাইন, পিতা মোঃ এরশাদুজ্জামান, মাতা হানুফা বেগম, গ্রাম ভেন্নাবাড়ী, ডাকঘর দারুল কোরআন, উপজেলা সদর গোপালগঞ্জ, জেলা গোপালগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলার ২১ বোড়াশী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**ওয়াসিম শেখ**
সিনিয়র সহকারী সচিব।